

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ, ইন্সটানর্গাডনে রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০৩২.১৮-১০৭

তারিখ: ১২.০৬.২০১৮খ্রি.

বিষয়: নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন দেউল দুর্গাপুর আল-আরাবিয়া দাখিল মাদরাসায় সুপার না থাকা কালে ভারপ্রাপ্ত সুপার এর স্বাক্ষরে এবং নিয়মিত ম্যানেজিং কমিটি না থাকায় উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি (এমপিও) বিল উত্তোলন প্রসঙ্গে।

সূত্রঃ (১) জনাব মো: খাজা আহমদ, ভারপ্রাপ্ত সুপার, দেউল দুর্গাপুর আল-আরাবিয়া দাখিল মাদরাসা-এর আবেদন তারিখ: ০৪.০৬.২০১৮খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭

তারিখ: ২৩.০৬.২০১৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে ভারপ্রাপ্ত সুপার, দেউল দুর্গাপুর আল-আরাবিয়া দাখিল মাদরাসা কর্তৃক প্রেরিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োক্ত মাদরাসায় সুপার নিয়োগ নিয়ে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে মামলা চলমান থাকায় এবং মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক নিয়মিত ম্যানেজিং কমিটি অনুমোদন না করায় প্রায় ০২ বছর ১০ মাস (২৫.০৭.২০১৫ খ্রি. হতে) ভারপ্রাপ্ত সুপার এবং জেলা শিক্ষা অফিসার এর যৌথ স্বাক্ষরে বেতন ভাতা (এমপিও) বিল উত্তোলন করে আসছিলেন।

০২. বর্তমানে জেলা শিক্ষা অফিসার বেতন বিলে প্রতিস্বাক্ষর করছেন না বিধায় নভেম্বর-২০১৭ থেকে মে-২০১৭ পর্যন্ত মাদরাসার শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা(এমপিও) উত্তোলন করা সম্ভব হচ্ছে না।

০৩. সূত্রোক্ত ২ নং স্মারক মোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে এবং অধ্যক্ষের অবর্তমানে উপাধ্যক্ষ (ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে) এবং সুপারের অবর্তমানে সহকারী সুপার এর স্বাক্ষরে শিক্ষকদের বেতন-ভাতাদি উত্তোলনের নিমিত্ত জেলার ক্ষেত্রে জেলা প্রশাসক / উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষরের বিধান রয়েছে।

০৪. বর্ণিত মাদরাসার শিক্ষক কর্মচারীদের বেতন ভাতা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নিম্নোক্ত তথ্য জানা প্রয়োজন:


(ক) নিয়মিত কমিটি না থাকায় বিকল্প কর্মকর্তার স্বাক্ষরে এমপিও উত্তোলনের সুযোগ থাকা সত্ত্বেও কেন যথাসময়ে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা(এমপিও) উত্তোলন করা সম্ভব হয়নি তা জানা প্রয়োজন।

(খ) বর্ণিত সময়ে এমপিও উত্তোলন করা হয়নি মর্মে সংশ্লিষ্ট ব্যাংক ম্যানেজার কর্তৃক অনুত্তোলন সনদ (নন ডয়াল সার্টিফিকেট) প্রয়োজন।

(গ) উত্তোলিত সর্বশেষ এমপিও কপি(প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের নাম সম্বলিত) প্রয়োজন।

০৫. এমতাবস্থায় নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন দেউল দুর্গাপুর আল-আরাবিয়া দাখিল মাদরাসার শিক্ষক কর্মচারীদের বেতন-ভাতা (এমপিও) উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত উপরিউক্ত মতে তথ্যাদি জরুরী ভিত্তিতে আগামী ২৪.০৬.২০১৮খ্রি. তারিখের মধ্যে অত্র অধিদপ্তরে পৌঁছানো নিশ্চিত করার জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

জনাব মো: খাজা আহমদ
ভারপ্রাপ্ত সুপার, দেউল দুর্গাপুর আল-আরাবিয়া দাখিল মাদরাসা
ডাকঘর: রামবাড়ী
উপজেলা: মান্দা, জেলা : নওগাঁ


12.06.18

(মোহাম্মদ শামসুজ্জামান)

উপ-পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন: ৪১০৩০১৬৪

ই-মেইলঃ ddfiancedme@gmail.com

অনুলিপি:

১. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।

২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মান্দা, নওগাঁ।

৩. অফিস কপি।